



# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২-২২৩৩৮৯৮৮৫, ০২-২২৩৩৮৭৮৬০, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org,

স্মারক নং- সদ/আইইবি/জি/প্রেসবিঃ/২০২৩/১৯৫৪

তারিখঃ ২৯ আগস্ট ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

### 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর উপর হামলার তীব্র নিন্দা ও দ্রুত বিচারের দাবি আইইবির'

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার সুনির্দিষ্ট দিক-নির্দেশনায় দেশের অবকাঠামা ও সার্বিক উন্নয়নে দেশব্যাপী প্রকৌশলীরা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০৪১ এবং ডেল্টাপ্ল্যান-২১০০ বাস্তবায়নে প্রকৌশলীরা নিরলসভাবে দায়িত্ব পালন করছেন এবং ভবিষ্যতেও সে ধারা অব্যাহত থাকবে। কিন্তু সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি দায়িত্ব পালনকালে প্রকৌশলীরা বিভিন্নভাবে লাঞ্চিত হচ্ছেন।

সোমবার (২৮ আগস্ট) সকাল দশটার দিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে রাজু মুন্সী নামের এক সন্ত্রাসীর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের কাটা পাহাড় এলাকায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) ছৈয়দ জাহাঙ্গীর ফজলের ওপর হামলা চালায়। হামলায় গুরুতর আহত হয়ে প্রাথমিকভাবে চিকিৎসা নেন প্রকৌশলী সৈয়দ জাহাঙ্গীর ফজল।

সম্পূর্ণ বেআইনীভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী সৈয়দ জাহাঙ্গীর ফজলকে শারীরিকভাবে লাঞ্ছনায় বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ এজহার দাখিল করেছে যা জাতীয় পত্রিকার মাধ্যমে আইইবি অবগত হয়েছে। দায়িত্ব পালনকালে একজন প্রকৌশলীকে শারীরিকভাবে লাঞ্ছনা করা আইনত দণ্ডনীয় অপরাধ। প্রকৌশলীর সাথে এ ধরনের ঘটনায় সারাদেশের প্রকৌশলীদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি করেছে।

এ ঘটনায় স্থানীয় অবকাঠামো উন্নয়ন এবং ব্যবস্থাপনা, কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য দূরীকরণ এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত "স্মার্ট বাংলাদেশ" বাস্তবায়নে দেশের সার্বিক উন্নয়ন কার্যক্রমে বিঘ্ন ঘটবে বলে আইইবি মনে করে।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে এবং একই সাথে এই ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে।

ইঞ্জিনিয়ার এস. এম. মঞ্জুরুল হক মঞ্জু  
সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি।